অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/18/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল টানেলিং চুক্তি পেয়ে SECOND AVENUE SUBWAY-এর ফেজ 2-এর অগ্রসর হওয়ার ঘোষণা করেছেন

প্রজেক্টের পরবর্তী ফেজ বিদ্যমান টানেলকে 125 St পর্যন্ত বাড়াবে

ফেজ 2-এর জন্য নতুন পদ্ধতি 1.3 বিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে; এটি ফেজ 1-এর তুলনায় 10 শতাংশ কম খরচে হওয়ার জন্য ঠিক পথে আছে

Second Avenue Subway প্রজেক্টের ফেজ 2 ইস্ট হার্লেমে ট্রানজিটের সমতা নিয়ে আসবে

MTA ব্রিফিং দেখুন এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথোরিটির (Metropolitan Transportation Authority, MTA) বোর্ড Second Avenue Subway-এর ফেজ 2-এর জন্য টানেল-বোরিং চুক্তির অনুমোদন দিয়েছে, প্রজেক্টটি **Q** ট্রেনকে 96 Street থেকে 125 Street পর্যন্ত বাড়াবে যা ইস্ট হার্লেমের (East Harlem) বাসিন্দাদের জন্য নতুন ট্রানজিটের অ্যাক্সেস দিবে। এই নতুন টানেলটি 116 Street থেকে 125 Street পর্যন্ত বাড়বে। এই চুক্তির অধীনে থাকা ক্রু এছাড়াও ভবিষ্যতের 125 Street Station-এর জন্য স্থান খনন করবে, এবং একটি খরচ বাঁচানোর উপায় হিসেবে 1970-এর দশকে নির্মিত রুটের পাশে টানেলে কাজ করবে যাতে এখানে ভবিষ্যতের 125 Street Station-এর জন্য জায়গা করা যায়, এর ফলে MTA-এর 500 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় হবে।

Second Avenue-এর 35 থেকে 120 ফুট নিচে নতুন টানেল তৈরির কাজ 750 টনের মেশিন ব্যবহার করে করা হবে বলে ধারণা করা হচ্ছে যেখানে 22 ফুটের হীরা লাগানো ড্রিল হেড থাকবে। শুরুর দিকের কাজ এই বছরের শেষের দিকে শুরু হবে, এবং ভারী সিভিল নির্মাণের কাজ 2026 সালের প্রথম দিকে শুরু হবে এবং টানেল খননের কাজ 2027 সালে শুরু হবে বলে আশা করা যাচ্ছে।

"ইস্ট হার্লেমের মানুষকে তাদের প্রাপ্য নতুন সাবওয়ের প্রতিশ্রুতি করার এক শতক পার হয়ে গেছে, এবং আমরা অবশেষে তা করতে যাচ্ছি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ইস্ট হার্লেম হলো নিউ ইয়র্কের (New York) সবথেকে ট্রানজিট-নির্ভর এলাকা, কিন্তু প্রতিদিন হাজার হাজার

যাত্রী সাবওয়ের অ্যাক্সেস পান না। Second Avenue Subway সবকিছু বদলে দিবে; এটি 100,000-এর বেশি প্রতিদিনের যাত্রীদের যাত্রাপথ ছোট করে দিবে এবং ইস্ট হার্লেমকে আগের থেকেও বেশি প্রাণবন্ত করবে। এই চুক্তি দেওয়ার অর্থ হলো কমিউনিটিকে প্রতিশ্রুতি দেওয়ার সময় শেষ হয়েছে এবং নির্মাণ করার সময় চলে এসেছে, পরের স্টপ 125 Street!"

1.972 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের এই চুক্তিটি Connect Plus Partners-কে দেওয়া হয়েছে, এটি Halmar International এবং FCC Construction-এর একটি যৌথ উদ্যোগ। এটি **Q** ট্রেন এক্সটেনশনের চারটি নির্মাণ চুক্তির মধ্যে দ্বিতীয়টি। নিউ ইয়র্ক সিটিতে (New York City) নির্মাণের খরচ বেশি হওয়ার পরেও, Second Avenue Subway-এর ফেজ 2-এর খরচের তুলনায় লাভ উল্লেখযোগ্য এবং দেশের যেকোনো সক্রিয় ভারী রেল প্রজেক্টের মধ্যে এখানে সবথেকে কম যাত্রী প্রতি খরচ হবে বলে ধারণা করা হচ্ছে।

MTA-এর চেয়ার এবং CEO Janno Lieber (জ্যানো লিবার) বলেন, "এটি শুধু এই প্রজেক্টের জন্য না, বরং ইস্ট হার্লেম এবং সেন্ট্রাল হার্লেমের (Central Harlem) সকলের জন্য একটি অর্থপূর্ণ অগ্রগামী ধাপ। স্থানীয়রা প্রায় 100 বছর ধরে তাদের প্রতিশ্রুত সাবওয়ে এক্সটেনশনের অপেক্ষা করেছেন। গভর্নর Hochul (হোকল) এবং ওয়াশিংটনে (Washington) আমাদের পার্টনারদের বিনিয়োগের কারণে আজকে এজেন্সির ইতিহাসের সবথেকে বড় টানেলিং চুক্তি নিয়ে নতুন MTA অগ্রসর হচ্ছে, কিন্তু আরো গুরুত্বপূর্ণ হলো এই যে এটি এমন একটি প্রজেক্ট যেখানে আমেরিকার যেকোনো ভারী রেল প্রজেক্টের মধ্যে সবথেকে কম যাত্রী প্রতি খরচ হবে।"

MTA কনস্ট্রাকশন অ্যান্ড ডেভেলপমেন্টের (Construction and Development) প্রেসিডেন্ট Jamie Torres-Springer (জেমি টোরেস-স্প্রিঙ্গার) বলেন, "বহু জেনারেশনের প্রতিশ্রুতির পর, নতুন MTA কাজ করছে। আজকের চুক্তিটি আমাদেরকে ইস্ট হার্লেমে বিশ্বমানের ট্রানজিটের আরো কাছে নিয়ে যাবে। ফেজ 1 থেকে যা শেখা গেছে তা ব্যবহার করে গতিবেগ চলমান রাখতে এবং আরো ভালোভাবে, আরো দ্রুত, এবং আরো কম খরচে এই চুক্তি সম্পূর্ণ করতে আমরা আগ্রহী।"

ইউটিলিটির স্থান পরিবর্তনের কাজের জন্য লাইনের প্রথম নির্মাণ চুক্তিটি 2024 সালের জানুয়ারি মাসে দেওয়া হয়েছিলো। সেই চুক্তির অধীনে কাজ করা ক্রু ভবিষ্যতের 106 Street Station-এর সাইটে Second Avenue-এর 105 Street থেকে 110 Street-এ মাটির নিচের ইউটিলিটিগুলিকে সরিয়ে নিচ্ছেন, যাতে স্টেশনটির পরের নির্মাণ কাজগুলি আরো সহজে করা যায়।

তৃতীয় চুক্তির অধীনে কাজ করা ক্রু 106 Street এবং Second Avenue-এ ভবিষ্যতের স্টেশনের জন্য মাটির নিচের স্থান নির্মাণ করবেন। চুক্তিটি দেওয়ার জন্য বর্তমানে কাজ হচ্ছে। চতুর্থ এবং শেষ চুক্তির অধীনে 106, 116 এবং 125 Street-এর তিনটি স্টেশনের ফিট-আউট করা হবে, এবং ট্র্যাক, সিগন্যাল, পাওয়ার এবং যোগাযোগের মতো ট্রেন সেবা পরিচালনা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা করা হবে। বর্তমানে চুক্তিটির নকশা করা হচ্ছে।

Second Avenue Subway-এর ফেজ 2-এর কাজ সময়মতো হচ্ছে যার রেভিনিউ সেবার তারিখ 2032 সালের সেপ্টেম্বর মাসে, এবং এটি বাজেটের মধ্যে হচ্ছে। প্রজেক্টের বাজেট 6.99 বিলিয়ন

মার্কিন ডলার এবং এর আংশিক তহবিল আসছে কনজেশন রিলিফ জোনে (Congestion Relief Zone) টোল নেওয়ার প্রোগ্রাম থেকে।

2023 সালে MTA এক্সটেনশনের জন্য প্রস্তাবিত স্টেশনগুলির নতুন ধারণামূলক রেন্ডারিং প্রকাশ করে, যা ভবিষ্যতের যাত্রীদেরকে স্টেশনের ভেতরের ও বাইরের সম্ভাব্য নকশার কিছু অংশের ঝলক দেখার সুযোগ করে দিয়েছে।

উন্নত প্র্যাকটিস এবং 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সাশ্রয়
প্রধান ইনফ্রাস্ট্রাকচার প্রজেক্টগুলিকে আরো ভালোভাবে, আরো দ্রুত, এবং আরো কম খরচে বাস্তবায়ন করতে MTA-এর প্রতিশ্রুতির অংশ হিসেবে, ফেজ 2-এর চুক্তিগুলিতে Second Avenue Subway-এর ফেজ 1 থেকে পাওয়া শিক্ষা কাজে লাগানো হয়েছে।

ইউটিলিটির স্থান পরিবর্তনের প্রয়োজনীয়তাগুলিকে আগে থেকেই সমাধান করে রাখলে পরে নির্মাণ চলার সময় অপ্রত্যাশিত খরচের বা বিলম্বের ঝুঁকি কমে যায়, বিশেষ করে নিউ ইয়র্ক সিটিতে যেখানে বিশ্বের সবথেকে জটিল মাটির নিচের ইউটিলিটি নেটওয়ার্কগুলির একটি আছে যার মধ্যে অধিকাংশের মানচিত্র নেই।

ফেজ 2-এর অন্যান্য খরচ কমানোর উদ্যোগের মধ্যে আছে 1970 এর দশকে নির্মিত Second Avenue-এর পাশে 110 Street থেকে 120 Street পর্যন্ত টানেলের একটি অংশের নতুন করে ব্যবহার, রিয়েল এস্টেটের জন্য আগে জমি নিয়ে নেওয়া, A+B চুক্তির (নকশা-নির্মাণ) মতো সেরা মূল্যের চুক্তির কাঠামো গ্রহণ করা, চুক্তির নিবিড় সমন্বয় এবং ব্যাক-অফ-হাউজ, অ্যানসিলিয়ারি স্পেস এবং স্টেশনের আকার কমিয়ে দেওয়া।

সব মিলিয়ে, এই উদ্যোগগুলি 1.3 বিলিয়ন মার্কিন ডলারের বেশি সাশ্রয় করেছে।

ইস্ট হার্লেমে ট্রানজিটের সমতা
ইস্ট হার্লেম ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত একটি এলাকা যেখানে ইউনাইটেড স্টেটসের (United States) সাশ্রয়ী হাউজিংয়ের সবথেকে বেশি ঘনত্বগুলির একটি আছে এবং সেখানে 70 শতাংশ বাসিন্দা ট্রানজিটের উপর নির্ভর করে। ফেজ 2 কমিউনিটির ঠিক কেন্দ্রে, 106 Street, 116 Street, এবং 125 Street-এ তিনটি নতুন অ্যাক্সেসিবল স্টেশন তৈরি করবে, এবং ইস্ট হার্লেম থেকে আপার ইস্ট সাইড (Upper East Side), ওয়েস্ট মিডটাউন (West Midtown) এবং কনি আইল্যান্ড (Coney Island) পর্যন্ত একটানা যাত্রা সম্ভব করবে, যা যাত্রার সময় 20 মিনিট পর্যন্ত কম করবে।

Second Ave Subway প্রজেক্টের ফেজ 2-এর কারণে 70,000-এর বেশি চাকরি তৈরি হবে, যার মধ্যে ইউনিয়ন বেতনের নির্মাণ চাকরি থাকবে। প্রজেক্টের জন্য 20 শতাংশ স্থানীয় নিয়োগের লক্ষ্যের ফলে ইস্ট হার্লেমের বাসিন্দাদের জন্য কয়েকশত ভালো বেতনের চাকরির সুযোগ তৈরি হবে।

ইস্ট হার্লেমকে অনেক দিন ধরেই Second Avenue-তে একটি নতুন সাবওয়ে সংযোগের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। 1920-এর দশকে সেকেন্ড সিস্টেম প্রস্তাবনা, যা পরিশেষে IND

সাবওয়ে সিস্টেম হয়ে উঠে, সেখানে Second Avenue-এর জন্য সেবা ছিলো। 1948 সালে নিউ ইয়র্ক সিটির ভোটাররা Second avenue subway গঠন করার জন্য বন্ডিংয়ের অনুমোদন দেন, কিন্তু কোরিয়ান যুদ্ধ (Korean War) শুরু হওয়ার পর সেটিকে আর বানানো হয়নি। 1972 সালে ইস্ট হার্লেমের লাইনের নির্মাণ অবশেষে শুরু হয়, কিন্তু পরে সিটির আর্থিক সঙ্কটের কারণে এটিকে 1975 সালে বন্ধ করে দেওয়া হয়। 1970-এর দশকে নির্মাণ করা টানেলের কিছু অংশ ফেজ 2-এ ব্যবহার করা হবে।

<u>ফেজ 2 সম্পর্কে</u>
প্রজেক্টের দ্বিতীয় ফেজে **Q** ট্রেন সার্ভিসকে উত্তর দিকে 96 Street থেকে 125 Street পর্যন্ত এবং এরপর পশ্চিম দিকে 125 Street থেকে Park Avenue পর্যন্ত, আনুমানিক মোট 1.5 মাইল বাড়ানো হবে। Lexington Avenue-এর সাবওয়ে লাইনে বিদ্যমান 125 St সাবওয়ে স্টেশন পর্যন্ত সরাসরি যাত্রী সংযোগ থাকবে। ফেজ 2-এ এছাড়াও Park Avenue-এ একটি প্রবেশপথ থাকবে যা Metro-North Railroad-এর 12 Street Station পর্যন্ত সুবিধাজনক স্থানান্তর সম্ভব করবে।

প্রতিটি স্টেশনের মাটির উপরে আনুষঙ্গিক বিল্ডিং থাকবে যেখানে বায়ুচলাচল, যান্ত্রিক এবং বৈদ্যুতিক সরঞ্জাম, সেইসাথে সম্ভাব্য নিচতলা খুচরো ব্যবসায়ী এবং কমিউনিটির ব্যবহারের জন্য স্থান থাকবে। এই এক্সপ্যানশন প্রতিদিন আরো 110,000 বেশি যাত্রীকে সেবা দিবে এবং তিনটি নতুন Americans with Disabilities Act (ADA) অ্যাক্সেসিবল স্টেশন দিবে, যা কাস্টোমারদের আরাম ও সুবিধার মান বাড়িয়ে দিবে। Park Avenue-তে 125 Street-এর স্টেশনে বাড়তি মাল্টিমোডাল ট্রানজিট সংযোগ যেখানে **4 5 6** লাইন, Metro-North এবং LaGuardia Airport পর্যন্ত M60 Select Bus Service-এর সংযোগ থাকবে, তা অন্যান্য সাবওয়ে এবং যাত্রীবাহী রেল লাইনে সুবিধাজনক স্থানান্তর সম্ভব করবে, যা পুরো সিটি এবং মেট্রোপলিটন অঞ্চলে আরো মসৃণ, আরো দ্রুত পরিবহণ সম্ভব করবে।

<u>ফেজ 1 সম্পর্কে</u>
এই প্রজেক্টের ফেজ 1 লাইনকে 63 Street থেকে 96 Street পর্যন্ত বাড়িয়েছে এবং সেটি ছিলো 50 বছরের মধ্যে নিউ ইয়র্ক সিটির সাবওয়ে সিস্টেমের সবথেকে বড় এক্সপ্যানশন। 72 তম স্ট্রিট এবং 86 তম স্ট্রিটে অতিরিক্ত স্টেশন সহ 1 জানুয়ারি 2017 সালে পরিষেবা চালু করা হয়েছে। এর সমাপ্তির পর থেকে, দ্বিতীয় অ্যাভিনিউ সাবওয়ে একটি সাধারণ প্রাক-মহামারীর দিনে 200,000 এর বেশি যাত্রী সহ মোট 130 মিলিয়নেরও বেশি যাত্রী বহন করেছে।

সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "Second Avenue Subway-এর ফেজ II-এর জন্য এই নির্মাণ চুক্তিটি আমাদেরকে নিউ ইয়র্কে পরিবহন সমতা অর্জনের ক্ষেত্রে আরেকটি বড় ধাপ এগিয়ে নিয়ে যাবে; নিশ্চিত করবে যাতে ইস্ট হার্লেমে চাকরি, হেলথ কেয়ার এবং অন্যান্য অতি প্রয়োজনীয় সেবার আরো ভালো অ্যাক্সেস থাকে, এবং একই সাথে যানজট কম করবে এবং বাতাসের মান ভালো করবে। প্রায় 2 মাইলের নতুন ট্র্যাক, 6টি নতুন স্টেশন, এবং একটি সম্পূর্ণ রিফার্বিশ করা স্টেশন থেকে 100,000 নতুন যাত্রী লাভবান হবেন। প্রজেক্টটি অগ্রসর করার জন্য আমি 3.4 বিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল নিশ্চিত করেছি, যা ছিলো তখনকার জন্য ইতিহাসের সবথেকে বড় ক্যাপিটাল বিনিয়োগ অনুদান, এবং যখন কাজ শেষ হয়ে যাবে তখন প্রতিদিন আরো 300,000-এর বেশি যাত্রী Second Avenue Subway-এর সুবিধা পাবেন।"

সিনেটর Kirsten Gillibrand (কির্স্টেন জিলিব্র্যান্ড) বলেন, "ইস্ট এবং সেন্ট্রাল হার্লেমের বাসিন্দারা Second Avenue Subway-এর এক্সটেনশনের জন্য অনেক লম্বা সময় ধরে অপেক্ষা করছেন, এটি যাত্রার সময় কম করবে, নতুন সুযোগ তৈরি করবে, এবং কমিউনিটির জন্য আরো ভালো সংযোগ দিবে। আজকের ঘোষণাটি ইস্ট সাইডের প্রাপ্য আধুনিক এবং অ্যাক্সেসিবল ট্রানজিট সিস্টেম নিয়ে আসার জন্যে গুরুত্বপূর্ণ একটি ধাপ। এই এক্সপ্যানশনকে সম্ভব করার ফেডারেল মার্কিন ডলার নিশ্চিত করতে সাহায্য করতে পেরে আমি গর্বিত, এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য গণপরিবহনকে উন্নত করতে আরো রিসোর্স নিয়ে আসার জন্য আমি লড়াই চালিয়ে যাবো।"

রিপ্রেজেন্টেটিভ Jerrold Nadler (জেরল্ড ন্যাডলার) বলেন, "ট্রান্সপোর্টেশন অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার কমিটির (Transportation and Infrastructure Committee) সিনিয়র নর্থইস্টার্ন সদস্য হিসেবে, আমি Second Ave Subway-এর তহবিলের জন্য অনেক দিন ধরে লড়াই করছি। নির্মাণ চুক্তি দেওয়া হলো সাবওয়ে লাইনকে উত্তরে হার্লেম পর্যন্ত বাড়ানোর পরবর্তী ফেজের জন্য একটি প্রধান মাইলফলক যা ট্রানজিটের সংযোগ তৈরি করবে এবং আমার ইস্ট সাইডের নাগরিকদের জন্য এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য যাতায়াতের সময় উন্নত করবে।"

রিপ্রেজেন্টেটিভ Adriano Espaillat (আড্রিয়ানো এস্প্যাইলেট) বলেন, "Second Ave Subway প্রজেক্টের এই অগ্রগতি হার্লেম এবং ইস্ট হার্লেমের কমিউনিটিগুলির জন্য ভালো বেতনের চাকরি নিয়ে আসবে, এর জন্য লড়াই করতে পেরে আমি গর্বিত, এবং নিশ্চিত করবে যাতে এই অতি গুরুত্বপূর্ণ প্রজেক্টটি শেষ হওয়ার জন্য একটি শক্তিশালী গতিপথ ধরে রাখতে পারে। ইস্ট হার্লেমে সাবওয়ে সেবা নিয়ে আসতে তাদের ধারাবাহিক চেষ্টার জন্য আমি গভর্নর Hochul (হোকল), MTA-এর চেয়ার Lieber (লিবার), মিস্টার Torres-Springer (টোরেস-স্প্রিঙ্গার), এবং তাদের দলের প্রশংসা করছি।"

স্টেটের সিনেটর Jose M. Serrano (হোসে এম সেরানো) বলেন, "Second Ave Subway প্রজেক্টটি ইস্ট হার্লেম এবং তার বাইরেও অতি প্রয়োজনীয় পরিবহন বিকল্প, চাকরি এবং অ্যাক্সেস নিয়ে আসতে সাহায্য করবে। এই প্রজেক্টের ফেজ 2 অতি গুরুত্বপূর্ণ, এবং এটি সেবা বাড়াবে, নতুন স্টেশন তৈরি করবে, এবং সকলের জন্য যাত্রার সময় কম করতে সাহায্য করবে। 29 সিনেট ডিসট্রিক্টের সিনেটর হিসেবে আমি সাউথ ব্রঙ্কস (South Bronx) এবং ইস্ট হার্লেমের প্রতিনিধিত্ব করি এবং আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি যে Second Ave Subway যাত্রীদের অভিজ্ঞতা উন্নত করবে এবং নির্ভরযোগ্যতা বাড়াবে। গুরুত্বপূর্ণ এই প্রজেক্টে তাদের প্রতিশ্রুতির জন্য MTA, গভর্নর Hochul (হোকল) এবং সরকারে আমার সহকর্মীদেরকে অনেক ধন্যবাদ।"

ম্যানহাটন (Manhattan) বরোর প্রেসিডেন্ট Mark Levine (মার্ক লেভিন) বলেন, "আমাদেরকে Second avenue subway শেষ করার কাছে নিয়ে যায় এমন প্রতিটি ধাপ ইস্ট হার্লেমকে এমন একটি ট্রানজিট বিকল্পের কাছে নিয়ে যায় যার প্রতিশ্রুতি তাদের অনেক দিন ধরে দেওয়া হচ্ছে। এটি উদযাপন করার মতো একটি ধাপ, এবং ফেজ 2 যাতে দ্রুত এবং সফলভাবে শেষ হয় তা নিশ্চিত করতে স্থানীয় স্টেকহোল্ডার এবং MTA-এর সাথে কাজ করতে আমি আগ্রহী।"

Permanent Citizens Advisory Committee to the MTA (PCAC)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Lisa Daglian (লিসা ড্যাগলিয়ান) বলেন, "এক শতক ধরে হওয়া দরকার এমন একটি প্রজেক্টের জন্য আজকে একটি ঐতিহাসিক দিন যা শুধু নিজেই ইতিহাস তৈরি কবে না, বরং এছাড়াও লাখ লাখ নিউ ইয়র্কবাসীর জন্য জীবনযাপনের মান উন্নত করবে। Second Avenue Subway অনেক দিন ধরেই পূরণ না হওয়া একটি প্রতিশ্রুতি হয়ে ছিলো, বিশেষ করে ইস্ট হার্লেমের বাসিন্দাদের জন্য। গভর্নর Hochul-এর (হোকল) অধ্যবসায় এবং বিনিয়োগ, ওয়াশিংটনে আমাদের চ্যাম্পিয়নদের নিরলস অ্যাডভোকেসি, আরো ভালো একটি প্রজেক্ট দিতে কাজ করতে থাকা MTA-এর নেতাদের কারণে এই চুক্তিটি লাইনকে 125th Street পর্যন্ত বাড়াতে সাহায্য করবে, যা Second Avenue এলিভেটেড লাইন (Elevated Line, EL) ভেঙ্গে ফেলার ফলে যে শূন্যস্থান তৈরি হয়েছিলো তা পূরণ করবে। পরের ফেজকে বাস্তব হতে দেখা অনেক আনন্দের ব্যাপার। কাজ শুরু করার জন্য আমরা অধীর আগ্রহে অপেক্ষা করছি!"

Riders Alliance-এর পলিসি এবং কমিউনিকেশনসের ডিরেক্টর Danny Pearlstein (ড্যানি পার্লস্টাইন) বলেন, "Second Avenue-এর নিচে এবং পুরো সিটিতে গভর্নর Hochul (হোকল), MTA-এর নেতারা এবং ট্রানজিটের কর্মীরা পূর্ণ উদ্যমে কাজ করছেন। নতুন টানেল, সিগন্যাল, এবং এলিভেটর বহু মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে প্রতিদিন নিরাপদে এবং সাশ্রয়ীভাবে যাতায়াত করতে দিবে। যাত্রীদেরকে প্রায় এক শতাব্দী আগে Second Avenue Subway-এর প্রতিশ্রুতি দেওয়া হয়েছিলো। এক দশক আগে, আপার ইস্ট সাইডে তিনটি স্টেশন খোলা হয়েছিলো। পরের ফেজটি ইস্ট হার্লেম এবং Lexington Avenue-কে সেবা দিবে, এমন একটি সিস্টেমে নতুন সাবওয়ে লাইন যোগ করবে যার বেশিরভাগ অংশ দ্বিতীয় বিশ্বযুদ্ধের (World War II) আগে বানানো হয়েছে।"

Manhattan Community Board 11-এর চেয়ারপার্সন Xavier A. Santiago (হাভিয়ের এ স্যান্টিয়াগো) বলেন, "অনেক জেনারেশন ধরে Manhattan Community Board 11, Second Avenue Subway-কে বড় করার পক্ষে কথা বলেছে। আমার নিজের দাদি যখন Third Avenue Elevated লাইনের শেষ ভেঙ্গে ফেলার সাক্ষী হয়েছিলেন তখন থেকেই ইস্ট হার্লেম একটি পরিবহনের মরুভূমিতে বাস করছে। এই ফেজ টু-য়ের চুক্তি দেওয়া হয়েছে, এবং আমরা ইস্ট হার্লেম এবং স্থানীয় লোক নিয়োগ দেওয়া এবং আমাদের মহান সিটির ভবিষ্যতের জেনারেশনগুলির উন্নতি করবে এমন কমিউনিটির লাভের ব্যাপারে Community Board 11-এর কাছে MTA-এর করা প্রতিশ্রুতি তারা পূরণ করবে বলে আমরা আশা করছি। এই মুহূর্তের কারণে আমরা পরিবহনের সমান সুযোগের জন্য পাঁচ জেনারেশনের একটি স্বপ্ন বাস্তবায়নের এক ধাপ কাছে যাচ্ছি; এটি এমন একটি বাস্তব যা আমার সন্তানেরা দেখতে পারবে কিন্তু আমাদের দাদা-দাদিদের একজন এর স্বপ্ন দেখেছিলেন।"

Tri-State Transportation Campaign-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Renae Reynolds (রেনে রেনল্ডস) বলেন, "আমরা নতুনত্বের মাধ্যমে Second Avenue Subway-এর ফেজ 2-এর টানেলিং চুক্তির অগ্রগতি দিয়ে সামনের দিকে এগিয়ে যাচ্ছি, এবং কমিউনিটিতে আরো ট্রানজিটের বিকল্প এনে, যাতায়াতের সময় কম করে, এবং পুরো প্রক্রিয়ার সময় স্থানীয় চাকরি তৈরি করে ইস্ট হার্লেমের কমিউনিটির যেসব লাভ হচ্ছে তার জন্য আমরা খুশি।"

Uptown Grand Central বোর্ডের চেয়ার Diane Collier (ডায়ান কলিয়ার) বলেন,
"Uptown Grand Central এটি শুনে খুশি যে এই ঘোষণাটি দিয়ে MTA Second Avenue Subway-এর ফেজ টু-কে বাস্তব করার ব্যাপারে যথাযথভাবে অগ্রসর হচ্ছে। আমরা বুঝি যে এটি একটি উল্লেখযোগ্য অগ্রগামী ধাপ এবং যে অগ্রগতি হচ্ছে সে ব্যাপারে আমরা অনেক উৎসাহী। আমরা আশা করছি যে এই প্রজেক্টটি স্থানীয় নিয়োগ এবং কমিউনিটির মধ্যে ছোট ব্যবসাগুলির জন্য অর্থপূর্ণ সুযোগ তৈরি করবে, আমাদের স্থানীয় অর্থনীতিকে অতি প্রয়োজনীয় একটি উন্নতির সুযোগ দিবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন